

২০১৭ সালের ডিগ্রী (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স প্রাইভেট রেজিস্ট্রেশনে অংশগ্রহণেচ্ছুক ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম নিম্নবর্ণিত সময় সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

অফিস চলাকালীন সময় নির্ধারিত ফিসের টাকা প্রশাসনিক ভবনের নীচ তলায় রেজি:শাখায় জমা দিয়ে, আবেদন ফরম গ্রহণ পূর্বক যথাযথ ভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে একসেট ফটোকপিসহ মোট ০২ (দুই) সেট রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

০১। রেজিঃ ফরম গ্রহণ ও জমা : ৫/০৮/১৭ থেকে ২০/৮/১৭ তারিখ পর্যন্ত (সকাল ৯.৩০ থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত)

০২। ফিসের পরিমাণ : ২০৮০/- টাকা

৩। রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা :

ক) বাংলাদেশে বসবাসকারী যে সকল প্রার্থী ২০১৬ সাল বা তৎপূর্বে স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস করেছে অথবা জি.সি.ই 'ও' লেভেল পরীক্ষায় কমপক্ষে ০৩ (তিন) টি বিষয়ে এবং 'এ' লেভেল পরীক্ষায় কমপক্ষে ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে সে সকল প্রার্থীগণ ২০১৭ সালের ডিগ্রী (পাস) (বি.এ/বি.এস.এস/বি.বি.এস) কোর্সের প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

খ) যে সকল প্রার্থী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ২০১৬ সাল বা তৎপূর্বে আলীম পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে সকল প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

গ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইঃ রেজিঃ আবেদন করতে পারবে না।

ঘ) স্নাতক ডিগ্রীধারী যে কোন ছাত্রী (যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া) নিম্নে উল্লিখিত (৬ পত্র বিশিষ্ট) যে কোন একটি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থীর সাথে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে। (বিষয় সমূহঃ বাংলা(ঐচ্ছিক), ইংরেজী(ঐচ্ছিক), দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ফিশ্যাল ও ব্যাংকিং)

ঙ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

চ) প্রাইভেট প্রার্থীগণ রেজিস্ট্রেশনের আবেদন পত্রে যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না।

ছ) যে সকল বিষয়ে মাঠকর্ম/ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে প্রাইভেট/ সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করা যাবে না।

৪। পাঠ্যসূচী :

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ডিগ্রী (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে প্রাইভেট প্রার্থীগণও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে।

৫। নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সংগে জমা দিতে হবে :

ক) মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

খ) কোন অধিভুক্ত কলেজের অধ্যক্ষ অথবা কোন প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট থেকে চারিত্রিক সনদপত্র এবং পাঠ বিরতির প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

গ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট আকারের ০১ কপি সত্যায়িত ছবি আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে আইকা গাম দিয়ে সংযুক্ত করতে হবে এবং অন্য ৩ কপি ছবি ফটোকপি সেটের সাথে স্ট্যাপলার করে দিতে হবে।

ঘ) সাদা কাগজে পরীক্ষার্থীর ০৩(তিন) টি সত্যায়িত নমুনা স্বাক্ষর এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ৩'কপি রঙ্গীন ছবি জমা দিতে হবে। এখানে উল্লেখ্য যে, যে কর্মকর্তা নমুনা স্বাক্ষর সত্যায়িত করবেন তিনি ছবিও সত্যায়িত করবেন।

ঙ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ থাকতে হবে।

চ) কোন শিক্ষার্থী কারাগারে অবস্থানরত অবস্থায় রেজিস্ট্রেশনের আবেদন করার সুযোগ নেই।

৬। রেজিস্ট্রেশন/পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যদি কোন ভুল ত্রুটি ধরা পড়ে অথবা রেজিস্ট্রেশন/পরীক্ষা বাতিলের কোন প্রশ্ন উঠে তাহলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০২/০৮/১৭
(প্রফেসর ড. শামসুন নাহার)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

(প্রফেসর ড. শামসুন নাহার)

আইডি নং-৩১৭

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।